গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিচালক(স্বাস্থ্য) এর কার্যালয়
রাজশাহী বিভাগ, রাজশাহী ।
rdho@ld.dghs.gov.bd

## স্বাস্থ্য বিভাগীয় মাসিক সমন্বয় সভার কার্য্যবিবরনী জুন / ২০২৬ খ্রিঃ ।

**সভাপতি ঃ** ডাঃ মোঃ হাবিবুর রহমান, পরিচালক (স্বাস্থ্য)

**তারিখ ঃ** ১৬ জুন/২০২৬। সময় সকাল ১০ঃ০০ ঘটিকা।

**স্থান ঃ** পরিচালক (স্বাস্থ্য) এর সম্মেলন কক্ষ, রাজশাহী বিভাগ, রাজশাহী।

সভার সভাপতি পরিচালক (স্বাস্থ্য), রাজশাহী বিভাগ, রাজশাহী ডাঃ মোঃ হাবিবুর রহমান যথাসময়ে উপস্থিত হওয়ার জন্য উপস্থিত সকলকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করেন। অতপরঃ আলোচ্য বিষয়ের উপর সিভিল সার্জন, তত্বাবধায়ক, সহকারী পরিচালক, এবং সহযোগী সংস্থার প্রতিনিধিগনকে তাদের বক্তব্য উপস্থাপনের আহবান জানান। সভায় নিম্নলিখিতভাবে বক্তব্য উপস্থাপিত হয়।

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| **বায়োমেট্রিক হাজিরা ঃ** জুন/২৬ মাসের বায়োমেট্রিক হাজিরা পর্যবেক্ষনে দেখা যাচ্ছে যে, রাজশাহী বিভাগের কোন জেলা ৯৬% এর অধিক উপস্থিতি অর্জন করতে পারেনি। সর্বোচ্চ জয়পুরহাট ৯৬%, সর্ব নিম্ন রাজশাহী ও পাবনা ৮৪%। সভার সভাপতি মহোদয় সিভিল সার্জন ও তত্বাবধায়ক এর উদ্দেশ্যে বলেন, কি কারনে উপস্থিতির হার বাড়ানো যাচ্ছে না এর সঠিক কারণ খুজে বের করে যৌক্তিক সমাধান করতে হবে। সভায় সিভিল সার্জন, রাজশাহীর দৃষ্টি আকর্ষন করে উপস্থিতির হার বাড়ানোর নির্দেশনা প্রদান করেন। প্রতিষ্ঠান প্রধানকে বায়োমেট্রিক হাজিরাসহ সকল বিষয়ে মনিটরিং জোরদার করতে হবে। সকল প্রতিষ্ঠানে বায়োমেট্রিক মেশিন একটিভ রাখতে এবং যে কোন প্রয়োজনে এমআইএস এর সাথে যোগাযোগ করতে হবে। | ১। সকল প্রতিষ্ঠানে বায়োমেট্রিক মেশিন একটিভ রাখতে হবে।<br>২। প্রয়োজনে এমআইএস এর সাথে যোগাযোগ করতে হবে।<br>৩। প্রতিষ্ঠান প্রধানকে বায়োমেট্রিক হাজিরাসহ সকল বিষয়ে মনিটরিং জোরদার করতে হবে। | তত্বাবধায়ক (সকল), রাজশাহী বিভাগ।<br>সিভিল সার্জন (সকল), রাজশাহী বিভাগ।<br>উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা (সকল), রাজশাহী বিভাগ। |
| **Monthly19 Different Data Reporting Status District Level May/26** রাজশাহী বিভাগের নওগাঁ, সিরাজগঞ্জ ব্যাতিত কোন জেলা শতভাগ ১৯ ডিফারেন্ট ডাটা সেট রিপোর্ট প্রদান করতে পারেনি। যদিও অন্যান্য জেলা শতভাগ রিপোর্ট প্রদানের খুব কাছাকাছি। সভার সভাপতি সকলকে শতভাগ রিপোর্ট প্রদানের জন্য অনুরোধ করেন। সেই সাথে তদারকী বাড়ানোর উপর গুরুত্বারোপ করেন। | ১। শতভাগ রিপোর্ট প্রদান করতে হবে।<br>২। সিভিল সার্জনগনকে তদারকী বাড়াতে হবে।<br>৩। অর্জন ধরতে রাখতে হবে। | ১। সিভিল সার্জন ....(সকল), রাজশাহী বিভাগ।<br>২। উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা (সকল), রাজশাহী বিভাগ। |
| **Monthly 15 difference data set reporting rate District Hospital at Rajshahi Division : Jan-May/2026** রাজশাহী বিভাগের চাঁপাই নবাবগঞ্জ এবং পাবনা জেলা হাসপাতাল ব্যাতিত কোন জেলা হাসপাতাল শতভাগ ১৫ ডিফারেন্ট ডাটা সেট রিপোর্ট প্রদান করতে পারেনি। বিভাগের সব চেয়ে খারাপ অবস্থানে সিরাজগঞ্জ জেলা হাসপাতাল। তবে অন্যান্য জেলা হাসপাতাল শতভাগ রিপোর্ট প্রদানের খুব কাছাকাছি। সভার সভাপতি সকলকে শতভাগ রিপোর্ট প্রদানের জন্য অনুরোধ করেন। সেই সাথে তদারকী বাড়ানোর উপর গুরুত্বারোপ করেন। | ১। শতভাগ রিপোর্ট প্রদান করতে হবে।<br>২। তত্বাবধায়কগনকে তদারকী বাড়াতে হবে।<br>৩। অর্জন ধরতে রাখতে হবে। | তত্বাবধায়ক....(সকল) জেলা হাসপাতাল, রাজশাহী বিভাগ। |
| **জেলা এবং জেলা হাসপাতাল ইভেন ক্যাপচার, জানুয়ারী-মে/২০২৬** পাওয়ার পয়েন্টের মাধ্যমে উপস্থাপনকৃত ইভেন্ট ক্যাপচার রিপোর্টে দেখা যায় সকল জেলা এবং জেলা হাসপাতাল কম ডাটা এন্ট্রি দিয়েছেন। পরিচালক (স্বাস্থ্য) মহোদয় এর কারন চিহ্নিত করে এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। | ১। যথাযথ সময়ে সঠিক তথ্য এন্ট্রি দিতে হবে।<br>২। রাজশাহী বিভাগের সকল প্রতিষ্ঠান প্রধানকে তদারকী বাড়াতে হবে। | ১। তত্বাবধায়ক ..... (সকল)<br>২। সিভিল সার্জন ... (সকল)<br>৩। উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা (সকল), রাজশাহী বিভাগ। |
| **District Hospital Maternal Health Data Quality : Jan-May/2026** পাওয়ার পয়েন্টের মাধ্যমে উপস্থাপনকৃত মেটারন্যাল হেলথ রিপোর্টে রাজশাহী বিভাগে চাঁপাই নবাবগঞ্জ, নওগাঁ ও নাটোর জেলা হাসপাতাল সঠিক রিপোর্ট প্রদান করেছেন। তবে মোহাম্মদ আলী হাসপাতাল, বগুড়া, জয়পুরহাট, পাবনায় টোটাল বার্থ বেশি দেখানো হয়েছে এবং সিরাজগঞ্জ জেলা হাসপাতাল রিপোর্টে টোটাল বার্থ ১৭ জন কম দেখানো হয়েছে। | যথাযথ সময়ে সঠিক রিপোর্ট এন্ট্রি দিতে হবে। | ১। তত্বাবধায়ক (সকল), জেলা হাসপাতাল। |

CamScanner

| | | |
|---|---|---|
| সভার সভাপতি মহোদয় নির্ভুল রিপোর্ট প্রদানকারী হাসপাতালকে ধন্যবাদ এবং এই ধারাবাহিকতা ধরে রাখার জন্য সকলকে অনুরোধ জানান। সেই সাথে অসংগতি জেলা হাসপাতাল সমূহকে বিষয়টি তদারকী করার জন্য অনুরোধ করেন। | | |
| **ডিএলআই মার্চ/২৬**<br>পাওয়ার পয়েন্টের মাধ্যমে উপস্থাপনকৃত ডিএলআই রিপোর্টে দেখা যাচ্ছে যে রাজশাহী বিভাগের ৬৮০টি কমিউনিটি ক্লিনিক রিপোর্ট করছেন না।সভাপতি মহোদয় প্রতিষ্ঠান প্রধানগনকে তদারকী বাড়াতে ও পরিদর্শনের সময় বিষয়গুলো লক্ষ্য রাখার অনুরোধ জানান। | ১। যথাযথ সময়ে সঠিক তথ্য এন্ট্রি দিতে হবে।<br>২। তদারকী বাড়াতে হবে। | ১। তত্বাবধায়ক ..... (সকল), জেলা হাসপাতাল।<br>২। সিভিল সার্জন (সকল), রাজশাহী বিভাগ<br>৩। উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা (সকল) রাজশাহী বিভাগ। |
| **এইচএসএস ডিসেম্বর/২৬** মাল্টিমিডিয়ায় উপস্থাপনকৃত HSS রিপোর্টিং এ দেশের মধ্যে বিভাগ হিসাবে রাজশাহী বিভাগ ৭৫.৮২ পয়েন্ট পেয়ে ১ম এবং খুলনা বিভাগ ৭৪.৬ পয়েন্ট ২য় অবস্থানে রয়েছে। সারাদেশের মধ্যে পাবনা সিভিল সার্জন অফিস ৩য়, জয়পুরহাট ৫ম, নাটোর ৮ম, রাজশাহী ১০ম, নওগাঁ ১১তম অবস্থানে রয়েছে। জেলা হাসপাতাল সারাদেশের মধ্যে চাঁপাই নবাবগঞ্জ জেলা হাসপাতাল ২য় স্থানে, পাবনা ৬ষ্ট স্থানে, জয়পুরহাট ১৪তম রয়েছে। উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স হিসাবে দেশের মধ্যে বগুড়া জেলার শেরপুর ১ম এবং নওগাঁ জেলার মহাদেবপুর ৪র্থ, ঈশ্বরদী ৮ম অবস্থানে রয়েছে। সভার সভাপতি মহোদয় বলেন, পিছিয়ে থাকা প্রতিষ্ঠানসমূহকে কারণ খুজে সমাধান এবং বিভাগের অন্যান্য অগ্রগামী প্রতিষ্ঠানের ন্যায় লক্ষ্য স্থিরপূর্বক কাজ করতে হবে। | ১। অর্জনকে ধরে রাখতে হবে।<br>২। পিছিয়ে পড়া প্রতিষ্ঠানগুলোকে লক্ষ্য পূরনে কাজ করতে হবে।<br>৩। প্রতিষ্ঠান পিছিয়ে পড়ার কারন খুজে সমাধান করতে হবে। | ১। তত্বাবধায়ক ..... (সকল) জেলা হাসপাতাল।<br>২। সিভিল সার্জন ... (সকল) রাজশাহী বিভাগ।<br>৩। উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা (সকল) রাজশাহী বিভাগ। |
| **পুষ্টি ঃ** সভার সভাপতি পরিচালক (স্বাস্থ্য) রাজশাহী বিভাগ, রাজশাহী পরিদর্শনের বিভিন্ন ত্রুটি বিচ্যুতি সভায় উপস্থান করেন। তিনি বলেন, অনেক আইএমসিআই কর্নারে MUAC টেপ নষ্ট আবার কোথাও ব্যবহার হয় না। অনেক জায়গায় হাইট ওয়েট স্কেল এর ব্যবহার হচ্ছে না। সকল ক্ষেত্রে ন্যাশনাল প্রটোকল ফলো করা হচ্ছে না এবং সে অনুযায়ী চিকিৎসা দেয়া হয়না। কাজেই এসব কাজের জন্য সিভিল সার্জন এবং প্রতিষ্ঠান প্রধানের তদারকী বাড়াতে হবে। | ১। আইএমসিআই কর্নারে ইনস্টুমেন্ট যথাযথ ব্যবহার করতে হবে।<br>২। ন্যাশনাল প্রটোকল ফলো করে চিকিৎসা প্রদান করতে হবে।<br>৩।প্রতিষ্ঠান প্রধানের তদারকী বাড়াতে হবে। | ১।তত্বাবধায়ক............ জেলা হাসপাতাল<br>২। সিভিল সার্জন ............ (সকল) রাজশাহী বিভাগ।<br>৩। উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা .......... (সকল) রাজশাহী বিভাগ। |
| **রোগীদের ডায়েটের মান ও পরিমান ঃ** স্ব স্ব প্রতিষ্ঠান প্রধানকে কিচেনে তদারকী বাড়াতে হবে। কিচেনে ডায়েট স্কেল এবং স্কেলিং মেশিন রাখতে হবে, যার মাধ্যমে কমিটি ডায়েট গ্রহন পূর্বক রেজিষ্টারে লিপিবদ্ধ করবেন। প্রত্যেহ কোন পথ্য কি পরিমান প্রাপ্য হবেন এবং ঠিকাদার কি পরিমান সরবরাহ করলেন তা রেজিষ্টারে লিপিবদ্ধ পূর্বক সে অনুযায়ী বিল পরিশোধ করবেন। পরিচালক (স্বাস্থ্য) এ বিষয়ে কঠোর নির্দেশনা প্রদান এবং তা বাস্তবায়নে ব্যর্থ হলে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করা হবে জানিয়ে দেন। | ১। কিচেনে তদারকী বাড়াতে হবে।<br>২। ডায়েট স্কেল অনুযায়ী প্রাপ্যতার পরিমান এবং সরবরাহের পরিমান রেজিষ্টারে লিপিবদ্ধকরন ও সে অনুযায়ী বিল পরিশোধ করতে হবে। | ১। তত্বাবধায়ক , জেলা হাসপাতাল (সকল)<br>২। সিভিল সার্জন ...(সকল)<br>৩। মেডিকেল সুপারিনটেনডেন্ট, বক্ষব্যাধি হাসপাতাল,রাজশাহী।<br>৪। উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা (সকল) রাজশাহী |
| **যক্ষাঃ** ডাঃ সাইফুল ইসলাম, বিভাগীয় টিবি এক্সপার্ট (এনটিপি) সভায় বলেন, রাজশাহী বিভাগে ২য় কোয়াটার ২০২৬ এ টিবি কেস নোটিফিকেশন ১ম কোয়াটার এর তুলনায় বেড়েছে। যা প্রতি লক্ষ জনসংখ্যায় যথাক্রমে ১৬৪ ও ১৪০। নাটোর ছাড়া সকল জেলাতে বেড়েছে। একইভাবে শিশু যক্ষারোগী নির্ণয়ে ও বেড়েছে (৬%) জয়পুরহাট জেলাতে অনেক কম যা শতকরা ৩% এর কম। টিবি রোগ নির্নয়ে জিন এক্সপার্ট, ট্রুনাট এবং ডিজিটাল এক্সরে মেশিনের যথাযথ ব্যবহারের উপর অধিকতর গুরুত্ব দেওয়ার জন্য অনুরোধ জানানো হয়। জেলা ,উপজেলার মাসিক মিটিং এ যক্ষাকে অধিকতর গুরুত্ব দেওয়ার জন্য উপস্থিত সকলকে অনুরোধ জানানো হয়। | ১। শিশু যক্ষা রোগী নির্নয়ের হার বাড়াতে হবে।<br>২। জিন এক্সপার্ট মেশিনসহ অন্যান্য আধুনিক মেশিনের যথাযথ ব্যবহার নিশ্চিত করতে হবে। | ১। সিভিল সার্জন ... (সকল) রাজশাহী বিভাগ।<br>২। উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা (সকল) রাজশাহী বিভাগ। |
| **অবকাঠামো উন্নয়ন ও মেরামত ঃ** সভার সভাপতি পরিচালক (স্বাস্থ্য) মহোদয় বলেন, পরিচালক (স্বাস্থ্য) এর নিজস্ব কোন ভবন নাই। তাঁর বর্তমান কার্যালয়ের পাশে পরিচালক (স্বাস্থ্য) এর জন্য একটি ভবন নির্মিত হয়েছে। সেটি ভবনের নকশা অনুযায়ী ৭তলা পর্যন্ত হওয়ার কথা তবে ১ম পর্যায়ে ভবনটি ৩য় তলা পর্যন্ত হবে এবং সে মোতাবেক অত্র দপ্তরকে প্রাক্কলিত ব্যয় প্রদান করা হয়। | ১। পরিচালক (স্বাস্থ্য) এর কার্যালয়ের নব নির্মিত ভবন বিষয়ে স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর । |

CS CamScanner

| | | |
|---|---|---|
| বর্তমানে বিল্ডিংটি ২য় তলা পর্যন্ত হয়েছে। তবে এ বিষয়ে স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, রাজশাহী মৌখিকভাবে জানায় যে, বাজেট ঘাটতির কারনে রিভাইজড করে ২য় তলা পর্যন্ত করা হয়েছে। তবে রিভাইজডকৃত নকশা ও প্রাক্কলিত ব্যায় এর কোন কপি অত্র দপ্তরকে প্রদান করেননি। এ বিষয়েস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, রাজশাহী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হয়।<br>সিভিল সার্জনগণ বলেন, অবকাঠামো উন্নয়ন মেরামত একটি চলমান প্রক্রিয়া এ বিষয়ে স্বাস্থ্য প্রকৌশল অধিপ্তরকে আরো আন্তরিক হওয়ার আহবান জানানো হয়। | ২। স্বাস্থ্য বিভাগের সকল অবকাঠামো উন্নয়ন ও মেরামতে অধিক আন্তরিকভাকে কাজ করতে হবে। | |
| **<u>ইপিআই, সার্ভিলেন্স ঃ</u>**<br>বিশ্বস্বাস্থ্য সংস্থার প্রতিনিধি ডাঃ কামরুজ্জামান ইপিআই এবং সার্ভিলেন্স রিপোর্ট জানুয়ারী-মে/২৬ বিশদভাবে আলোচনা করেন। দেখা যায় প্রতিটি জেলায় পিসিভি, ওপিভি, আইপিভি এবং এমআর ডোজ কভারেজ কম। প্রতিটি জেলাকে শিশু রেজিঃ পর্যেবেক্ষন পূর্বক ভ্যাকসিনের ড্রপ আউট শিশুদের খুঁজে টিকা প্রদানের উপর গুরুত্বারোপ করা হয়। সেই সাথে বিষয়টি জেলা, উপজেলা পর্যায়ে নিয়মিত মনিটরিং এর জন্য অনুরোধ করেন।<br>এমআর ক্যাম্পেইন রিপোর্ট পর্যালোচনায় দেখা যায় যে, প্রতিটি জেলার অর্জন ১০০% এর বেশি তথাপিও বয়স ভিত্তিক পর্যালোনায় ১ম বছরের অর্জন ৮২%, ২য় বছরের অর্জন ৪৯%, ৩য় বছরের অর্জন ৯১%। অর্থাৎ এখনও অনেক শিশু এমআর টিকা পায় নাই এবং এই সকল শিশু হামে আক্রান্ত হচ্ছে। অনতি বিলম্বে এই সকল শিশুদের টিকার আওতায় আনার জন্য অনুরোধ করা হলো।<br>এএফপি কেস রিপোর্ট সন্তোষজনক। প্রতিটি জেলাতে সন্দেহজনক এএফপি রোগী পাওয়া মাত্র ইনভেষ্টিগেশন এবং স্টুল স্যামপল সংগ্রহের পরপরই ওআরআই করার জন্য অনুরোধ করা হয়।<br>হামের রিপোর্ট পর্যালোচনায় দেখা যায় এখনো হামের প্রার্দুভাব চলমান আছে। সন্দেহজনক সকল হাম রোগী দ্রুত সনাক্তকরন, ভিটামিন 'এ' সাপ্লিমেন্টেশন এবং মাঠ পর্যায়ে বিশেষ টিকাদান কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করা হয়। | ১। বাদপড়া শিশুদের টিকার আওতায় আনতে হবে।<br>২। রুটিন ইপিআই টিকাদান কার্যক্রম আরো জোরদার করতে হবে।<br>৩। সন্দেহজনক এএফপি রোগীর ইনভেষ্টিগেশন এবং স্টুল স্যামপল সংগ্রহের পরপরই ওআরআই করতে হবে।<br>৪। হাম রোগী সনাক্ত এলাকায় বিশেষ টিকাদান কার্যক্রম পরিচালনা করতে হবে। | সংশ্লিষ্ট সিভিল সার্জন / উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা / ইপিআই সুপারিনটেনডেন্ট (সকল) রাজশাহী বিভাগ। |
| **<u>প্রশাসনিক বিষয়ে আলোচনা ঃ</u>**<br>সভার সভাপতি পরিচালক (স্বাস্থ্য), রাজশাহী বিভাগ, রাজশাহী মহোদয় উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তাগণের কর্মস্থলে অবস্থানের বিষয়ে গুরুত্বারোপ করেন। সেইসাথে কনসালটেন্টদের উপস্থিতি নিশ্চিত করতে হবে। বায়োমেট্রিক হাজিরা তদারকী এবং অনুপস্থিত, দেরিতে উপস্থিত কর্মকর্তা, কর্মচারীদের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। এছাড়াও ছুটি মঞ্জুরী ব্যাতিত কোন কর্মকর্তা, কর্মচারী কর্মস্থল ত্যাগ না করেন সে বিষয়ে সজাগ থাকার নির্দেশনা দেওয়া হলো।<br>কোর্য়াটারগুলোর ছাদের আগাছা নিয়মিত পরিস্কার, কোর্য়াটারে কর্মকর্তা / কর্মচারী সরকারী মিটার ব্যবহার করে থাকলে তা বিচ্ছিন্ন করার উপরও গুরুত্বারোপ করেন। নিজ নিজ ষ্টোর ভেরিফিশন, কেন্দ্রীয় ভাবে ইউজার ফি সংগ্রহে তদারকী করার নির্দেশনা প্রদান করা হয়। | ১। উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তাগনকে কর্মস্থলে অবস্থান করতে হবে।<br>২। সকল কর্মকর্তা, কর্মচারীদের (কনসালটেন্টদের) নিয়মিত উপস্থিতি নিশ্চিত করতে বায়োমেট্রিক হাজিরা পর্যেবেক্ষন এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন।<br>৪। ছুটি মঞ্জুর সাপেক্ষে কর্মস্থল ত্যাগ।<br>৫। ছাদের আগাছা পরিস্কার করতে হবে<br>৬। নিজ নিজ ষ্টোর ভেরিফিশন, কেন্দ্রীয় ভাবে ইউজার ফি সংগ্রহ করতে হবে। | ১। তত্বাবধায়ক , জেলা হাসপাতাল (সকল) রাজশাহী বিভাগ।<br>২। সিভিল সার্জন ...(সকল), রাজশাহী বিভাগ।<br>৩। মেডিকেল সুপারিনটেনডেন্ট, বক্ষব্যাধি হাসপাতাল,রাজশাহী।<br>৪। উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা (সকল), রাজশাহী বিভাগ |

সভার সভাপতি মহোদয় উপস্থিত সকলকে আলোচনার সফল বাস্তবায়ন করে কাংখিত লক্ষ্য অর্জন করার জন্য আহবান জানান। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় স্বাস্থ্য বিভাগের চলমান কর্মকান্ড গতিশীল ও সুষ্ঠু বাস্তবায়নের উপর আশাবাদ ব্যক্ত করেন। সকলের সুস্বাস্থ্য ও মঙ্গল কামনা করে সভার সমাপ্তি ঘোষনা করেন।

২১.৬.২৬

( ডাঃ মোঃ হাবিবুর রহমান)
পরিচালক(স্বাস্থ্য)
রাজশাহী বিভাগ, রাজশাহী।

২১/৬/২৬

CamScanner

স্মারক নং- পরিঃ(স্বাস্থ্য)/রাজবি/শা-গো/২৬/৩৩/ ৯০০ /১(৯৭) তারিখঃ ২১-০৬-২০২৬

অনুলিপি সদয় অবগতি /অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরন করা হ'লঃ- (জৈষ্ঠতার ক্রমানুসারে নহে)।

১. সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যান মন্ত্রনালয়, বাংলাদেশ সচিবালয়,ঢাকা। দৃ আঃ সচিব মহোদয়ের একান্ত সচিব।
২. মহা-পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী,ঢাকা। দৃষ্টি আকর্ষনঃ সহকারী পরিচালক(সমন্বয়
৩. অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী,ঢাকা।
৪. উপ-পরিচালক, অত্র দপ্তর ।
৫. তত্বাবধায়ক প্রকৌশলী, এইচইডি, রাজশাহী।
৬. সহকারী পরিচালক( প্রশাসন/রোগ নিয়ন্ত্রন/ডেন্টাল), অত্র দপ্তর।
৭. সিভিল সার্জন ........................................(সকল), রাজশাহী বিভাগ, রাজশাহী।
৮. তত্বাবধায়ক/সহকারী পরিচালক............ জেলা হাসপাল (সকল) রাজশাহী বিভাগ।
৯. মেডিকেল সুপারিনটেনডেন্ট, বক্ষ ব্যাধি হাসপাতাল,রাজশাহী।
১০. উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা (সকল) রাজশাহী বিভাগ।
১১. বিভাগীয় সমন্বয়কারী, WHO (EPI), ২৬৮/২, উপশহর, সেক্টর-২, (৩য় তলা) রাজশাহী।
১২. সহকারী প্রধান(নন মেডিকেল),এমআইএস, অত্র দপ্তর।
১৩. বিভাগীয় টিবি এক্সপার্ট এনটিপি, রাজশাহী বিভাগ।
১৪. প্রশাসনিক কর্মকর্তা, অত্র দপ্তর ।
১৫. পরিচালক (স্বাস্থ্য) মহোদয়ে ব্যক্তিগত সহকারী, অত্র দপ্তর।
১৬. দপ্তর নথি।

২১.৬.২৬

( ডাঃ মোঃ হাবিবুর রহমান)
পরিচালক(স্বাস্থ্য)
রাজশাহী বিভাগ, রাজশাহী।

২১/৬/২৬

CamScanner